

নতুন ধারার দৈনিক

# আমাদেরসময়

## রোববারের জেএসসি-জেডিসি পরীক্ষা ৯ নভেম্বর

প্রকাশ | ০৩ নভেম্বর ২০১৮, ১১:০৬ | আপডেট: ০৩ নভেম্বর ২০১৮, ১৪:২৭



নিজস্ব প্রতিবেদক



আগামীকাল রোববারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা স্থগিত করা হয়েছে। জেএসসি ও জেডিসিতে রোববার যে পরীক্ষাগুলো ছিল, তা নেওয়া হবে আগামী ৯ নভেম্বর শুক্রবার সকাল ৯টায়।

বিষয়টি নিশ্চিত করে ঢাকা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক আমাদের সময়কে বলেন, ‘অনিবার্য কারণবশত আগামীকালের পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ পরীক্ষা নেওয়া হবে

আগামী ৯ নভেম্বর শুক্রবার সকাল ৯টায়। ’

গত ১ নভেম্বর থেকে সারা দেশে একযোগে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিন জেএসসিতে বাংলা প্রথমপত্র এবং জেডিসিতে কুরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

শিক্ষাবোর্ডের তথ্যানুযায়ী, নবমবারের মতো অনুষ্ঠিত এ বছরের জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নিচ্ছে ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ পরীক্ষার্থী। গত বছরের তুলনায় এবার ২ লাখ ১ হাজার ৫১৩ পরীক্ষার্থী বেড়েছে এ পরীক্ষায়। এর মধ্যে জেএসসিতে ১ লাখ ৭৭ হাজার ৬৬ এবং জেডিসিতে ২৪ হাজার ৪৪৭ জন পরীক্ষা দিচ্ছে।

এবার নিয়মিত পরীক্ষার্থীদের সাতটি বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা দিতে হবে। বাংলা দ্বিতীয় পত্র এবং ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া সব বিষয়ে সৃজনশীল প্রশ্নে পরীক্ষা দিতে হবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি